



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



১৪নং দিগপাইত ইউনিয়ন পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

ই-মেইল: digpait.up@gmail.com

ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: মোঃ মিজানুর রহমান,

পদবী: ইউপি চেয়ারম্যান

সভার স্থান: ইউপি কার্যালয়,

সভার তারিখ: ২১/০২/২০২১ইং

সময়: বেলা ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা (হাজিরা দৃষ্টব্য)

অধ্যকার সভায় মাননীয় চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান সাহেব এর সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হলো। প্রথমে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার আলোচ্য সূচী মোতাবেক গত সভার কার্যবিবরণী পাঠ করে উপস্থিত সদস্যদের অবগত করেন। কাহারো কোন প্রকার আপত্তি না থাকায় তাহা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হইল।

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচ্য মমত্বব্য	সিদ্ধামত্ব
০১	শিক্ষা প্রতিষ্ঠান সমূহে প্রয়োজনীয় শিক্ষা উপকরন সরবরাহ করন প্রসঙ্গে।	জনাবা জাহাঙ্গীর আলম, প্রধান শিক্ষক, মামুন সূম উচ্চ বিদ্যালয়, উপস্থাপন করেন যে, কামাল হাট উচ্চ বিদ্যালয়টি একটি আদর্শ উচ্চ বিদ্যালয়। অত্র বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা অধিক থাকার কারণে তাদের বসার জন্য হাই বেঞ্চের খুবই প্রয়োজন। এমতাবস্থায় অত্র বিদ্যালয়ের জন্য কিছু হাই বেঞ্চ সরবরাহ করা অতীব প্রয়োজন।	সভাপতি সাহেব জানান যে, এলজিএসপি-৩ প্রকল্পের অর্থ থেকে উক্ত বিদ্যালয়ের জন্য প্রয়োজনীয় বেঞ্চ সরবাহ করা হইবে।
০২	জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রসঙ্গে।	জনাব মোঃ রাসেল মাহমুদ, ইউপি সচিব উপস্থাপন করেন যে, জন্ম ও মৃত্যু নিবন্ধনের সনদ কিছু অসাধু ব্যবসায়ী স্ক্যান মেশিনের সাহায্যে স্ক্যান করে জন্ম তারিখ পরিবর্তন করে উক্ত সনদ বিভিন্ন কাজে ব্যবহার করছে। যা সরকারী আইনের পরিপন্থি। উক্ত বিষয়ে কার্যকরি ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাপতি সাহেবকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।	এ বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সভাপতি সাহেব অবহিত করেন এবং কে বা কাহারো এই ব্যবসা করছে তাদের তথ্য সংগ্রহ করার জন্য সকল ইপি সদস্য এবং সকল গ্রাম পুলিশদের নির্দেশ প্রদান করা হলো।
০৩	ট্যাক্স আদায় জোরদার করন প্রসঙ্গে।	মোঃ নজমুল হক, ইউপি সদস্য, ০২নং ওয়ার্ড প্রসন্ন্যাব করেন যে, অত্র ১৪নং দিগপাইত ইউনিয়নে যে ট্যাক্স ধার্য করা হয়েছে তাহা নিয়মিত ভাবে আদায় করা প্রয়োজন। অন্যথায় পরিষদের যাবতীয় ব্যয়সহ বিভিন্ন ভাতাদি পরিশোধ করা সম্ভব হইবে না। এ বিষয়ে সামাজিক সচেতনতা গড়ে তুলার ব্যবস্থা করতে হবে।	সভাপতি সাহেব জানান যে, ধার্যকৃত ট্যাক্স ১০০% আদায়ের লক্ষে ট্যাক্স আদায়কারীকে সার্বিক সহযোগীতা করার জন্য সকল ইউপি সদস্য, ইউপি সচিব এবং গ্রাম পুলিশদেরকে বিশেষভাবে নির্দেশ প্রদান করা হইল।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

২১.০২.২০
(মোঃ মোঃ মিজানুর রহমান) এম.এ
চেয়ারম্যান
১৪নং দিগপাইত ইউনিয়ন পরিষদ
১৪নং দিগপাইত ইউনিয়ন পরিষদ
জামালপুর সদর, জামালপুর।